



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৯০.১৮. ৭৮৬

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

‘বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং’ প্রশিক্ষণ পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে আগামী ২৩ সেপ্টেম্বর থেকে ১৮ অক্টোবর ২০১৮ মেয়াদে ০৪ (চার) সপ্তাহব্যাপী বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং প্রশিক্ষণ পাঠ্যধারা অনুষ্ঠিত হবে।

এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ২৯ জুলাই ২০১৮ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর দুইকপি রপ্তানি সত্যায়িত ছবি, সর্বশেষ অর্জিত ডিগ্রির সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র পেশ করতে হবে। আগ্রহী প্রার্থীগণ ইনস্টিটিউটের ওয়েবসাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে বর্ণিত কাগজপত্রের Scanned Copy সহ আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন সকল কাগজপত্র এবং আবেদনপত্রের মূল্য ২০০/- (টাকা দুইশত) মাত্র হিসাব শাখায় প্রদান করতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ : ১৬ আগস্ট ২০১৮ খ্রি. সকাল ১০:০০ টা। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা আগামী ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ সকাল ১১:৩০ মি. অনুষ্ঠিত হবে। এজন্য আলাদাভাবে কোনো পত্র দেওয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বিকেল ০৪:৩০ মি. ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে দেওয়া হবে।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৪০০০/= (টাকা চার হাজার) মাত্র আগামী ০৯-১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ দুপুর ০১:০০ টার মধ্যে “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



২৬.৭.১৮
রওনক জাহান

পাঠ্যধারা পরিচালক

ও

উপ-পরিচালক

দূরা: ৫৫০৭৯৪৩৪